

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস
ঝরেপড়া শিশুর হার শূন্য ও মানসম্মত
প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার দাবি

নিজের বার্তা পরিবেশক

২০১৪ সালের মধ্যে ঝরেপড়া শিশুর হার শূন্য শতাংশে নামিয়ে আনা, শিক্ষানীতি বাস্তবায়নে শিক্ষা বাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার দাবি নিয়েই গতকাল দেশে 'আন্তর্জাতিক সাক্ষরতা দিবস' উদযাপন করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিভিন্ন বেসরকারি সংস্থা বিশেষ করে সুশাসনের জন্য প্রচারাভিযান-সূত্র, আমার অধিকার ক্যাম্পেইন সহ বিভিন্ন সংগঠন র্যালি, মানববন্ধন, সেমিনারের মাধ্যমে সারাদেশে দিবসটি যথাযথভাবে পালন করে। আন্তর্জাতিকভাবে এবার সাক্ষরতা দিবসের প্রতিপাদ্য বিষয় হলো 'সাক্ষরতায় শক্তি, আনবে দেশে শান্তি'। সূত্র দেশের ৪৫টি জেলায় দিবসটি পালন করেছে।

বিভিন্ন অনুষ্ঠানে বক্তারা বলেছেন, নিরক্ষরমুক্ত দেশ গড়তে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। দেশের সুবিধাবঞ্চিত সব এলাকায় ন্যূনতম একটি করে প্রাথমিক স্কুল প্রতিষ্ঠা এবং অবহেলিত সব শিশুকে বিদ্যালয়ের আওতায় আনতে হবে। জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের আলোকে শিক্ষা ও বিজ্ঞান-প্রযুক্তি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে শিক্ষা বাতে জিডিপি'র ৬ ভাগ বরাদ্দ দেয়ারও দাবি জানিয়েছেন বক্তারা। গণশিক্ষা মন্ত্রণালয় প্রাথমিক : পৃষ্ঠা : ২ ক : ৫

প্রাথমিক : শিক্ষা
 (১৬ পৃষ্ঠার পর)

সরকারিতাবে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে গতকাল সকালে রাজধানীর ওসমানী স্মৃতি নিলদায়তনে এক সেমিনারের আয়োজন করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এর আগে মন্ত্রণালয়ের উদ্যোগে কেন্দ্রীয় শহীদ মিনার থেকে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন। প্রতিমন্ত্রী মোতাহার হোসেন বলেন, বর্তমানে দেশে তিন কোটি ৭০ লাখ নিরক্ষর লোক আছে। ২০১৫ সালের মধ্যে হুড়তো দেশকে পুরোপুরি নিরক্ষরমুক্ত করা সম্ভব হবে না, তবে এই সংখ্যা অনেক কমিয়ে আনা সম্ভব হবে। কারণ দেশকে নিরক্ষরমুক্ত করতে এই সরকারের আনলে বিভিন্ন পদক্ষেপ বিশেষ করে সারাদেশে ৮৪টি শিশু কর্মসূচি ট্রাস্ট প্রতিষ্ঠা, আনন্দ স্কুল প্রতিষ্ঠা, জীবনমুখী শিক্ষা চালু এবং পিছিয়ে পড়া মানসম্মত স্কুল প্রতিষ্ঠা করে ৬০/৭০ লাখ নিরক্ষর লোককে বিভিন্নভাবে প্রশিক্ষণ দিয়ে লক্ষ করে গড়ে তোলা হয়েছে, যা অব্যাহত আছে।

সুশাসনের জন্য প্রচারাভিযান- সূত্র : রাজধানীর নিলদায়তনে এক সেমিনারের আয়োজন করে বেসরকারি সংস্থা সুশাসনের জন্য প্রচারাভিযান। সংগঠনের চেয়ারপারসন মুস্তাফিজুর রহমান খানের সভাপত্যে সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন সংস্থার ক্যাম্পেইন সমন্বয়কারী সাইফ উদ্দিন আহমেদ। বক্তব্য রাখেন সংসদ সদস্য নিমুন্নার চৌধুরী মনি, অধ্যাপক ড. মাহবুবা বাসরীন, সূত্র নির্বাহী পরিষদের সদস্য আবদুল আজিজ ও সাধারণ সম্পাদক অরিয়ুস রহমান, এনজিও সংস্থা অল্পবয়স স্কিম'র কর্মকর্তা ধনরঞ্জন হ্রিপুণ প্রমুখ।

আমার অধিকার ক্যাম্পেইন : সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানববন্ধনের আয়োজন করে বেসরকারি সংস্থা 'আমার অধিকার ক্যাম্পেইন'। নিরক্ষরতা সম্পর্কে জনসাধারণকে সচেতন করা, নিরক্ষরতার মতো সামাজিক ব্যাধি নির্মূলকরণের জন্য গণজাগরণ সৃষ্টি এবং সুসংগঠিতভাবে সাক্ষরতা আন্দোলনকে এগিয়ে নিয়ে পূর্ণ সাক্ষরতার মর্যাদা লাভ করার উদ্দেশ্যে এই মানববন্ধন কর্মসূচির আয়োজন করা হয়। মানববন্ধনে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চন্দ্রজিত পরিচালক মোশেদুল ইসলাম, শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সীতা দারুল আহমদ, অর্থনীতি পরিষদের সহ-সভাপতি প্রফেসর হান্না বেগম এবং 'আমার অধিকার ক্যাম্পেইন'-এর চেয়ারপারসন ড. নিমুন্নার বাবু এবং উপদেষ্টা পরিষদ ও কার্যনির্বাহী পরিষদের সদস্যরা।